# নূহ | Nuh | نُوح

আয়াতঃ ৭১ : ১৪

## আরবি মূল আয়াত:

وَ قَدۡ خَلَقَکُمۡ اَطۡوَارًا ﴿۱۴﴾

## অনুবাদসমূহ:

‘অথচ তিনি তোমাদেরকে নানা স্তরে সৃষ্টি করেছেন’। — আল-বায়ান

অথচ তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন নানান স্তর অতিক্রম করিয়ে। — তাইসিরুল

অথচ তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন পর্যায়ক্রমে। — মুজিবুর রহমান

While He has created you in stages? — Sahih International

### ১৪. অথচ তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন পর্যায়ক্রমে(১),

(১) অর্থাৎ সৃষ্টিকর্মের বিভিন্ন পর্যায় ও স্তর অতিক্রম করে তোমাদের বর্তমান অবস্থায় পৌছানো হয়েছে। প্রথমে বীর্য আকারে, মাতৃগর্ভে, দুগ্ধপানরত অবস্থায়, অবশেষে তোমরা যৌবন ও প্রৌঢ়ত্বে উপনীত হয়েছ। এসব পর্যায় প্রতিটিই মহান আল্লাহর সৃষ্টি। যিনি এগুলো সৃষ্টি করেন, তিনিই একমাত্র ইবাদতের যোগ্য। আর তিনিই মৃত্যুর পর তাদেরকে পুনরুত্থিত করতে সক্ষম। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

### (১৪) অথচ তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন পর্যায়ক্রমে। [1]

[1] অর্থাৎ, প্রথমে বীর্য থেকে। তারপর সেটাকে রক্তপিন্ডে পরিণত করে। অতঃপর সেটাকে গোশতপিন্ডে রূপান্তরিত করে। এর পর হাড় বানিয়ে তার উপর গোশত চড়িয়ে পরিপূর্ণ আকৃতি দিয়ে সৃষ্টি করা হয়। এর বিস্তারিত আলোচনা সূরা হাজ্জ ৫নং, সূরা মু’মিনুন১৪নং এবং সূরা মু’মিন ৬৭নং আয়াতে উল্লিখিত হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5433

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন